

## সেনেগাল সফরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী এম জে আকবর (সেপ্টেম্বর ৬-৮, ২০১৭)

প্রধানমন্ত্রী মোদীর বিশেষ দৃত হিসাবে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী এম জে আকবর সেনেগাল সফর করলেন ৬-৮ সেপ্টেম্বর, ২০১৭।

সফরকালে তিনি সাক্ষাৎ করেন প্রেসিডেন্ট জনাব ম্যাকি সাল-এর সঙ্গে এবং প্রধানমন্ত্রীর ধন্যবাদ জ্ঞাপন একটি পত্র তাঁর হাতে তুলে দেন, যাতে আন্তর্জাতিক ন্যায় আদালতে ভারতের প্রার্থী আইনজীবী ড. দলবীর ভাণ্ডারিকে ২০১৮-২৭ সময়কালে পুনর্নির্বাচনে সেনেগালের সমর্থন করার জন্য ধন্যবাদ জানান, যে নির্বাচন অনুষ্ঠিত হবে নিউ ইয়র্কে নভেম্বর, ২০১৭ তে। এ ছাড়াও বৈঠকে উপস্থিত ছিলেন সেনেগালের নব নিযুক্ত প্রধানমন্ত্রী জনাব মহম্মদ বউন আবদাল্লাহ দিওনি। উভয় প্রতিমন্ত্রী (এমজে আকবর) এবং প্রেসিডেন্ট ম্যাকি সাল ভারত-সেনেগাল দ্বিপাক্ষিক সম্পর্কের বিভিন্ন সম্ভাবনাময় দিক নিয়ে আলোচনা করেন।

আফ্রিকার শান্তি ও নিরাপত্তার স্বার্থে ডাকার আন্তর্জাতিক ফোরামে ভারতের অনুদান হিসাবে সেনেগালালের সেক্রেটারি জেনারেল রাষ্ট্রদূত মামে বাবা চিজের হাতে ৫০,০০০ ইউরোর একটি চেক তুলে দেন প্রতিমন্ত্রী (এমজে আকবর)। এটি বিশেষ ভাবে উল্লেখযোগ্য যে, আফ্রিকার শান্তি ও নিরাপত্তার স্বার্থে গত বছরও ডাকার আন্তর্জাতিক ফোরামকে ভারত ৫০,০০০ ইউরো আর্থিক সাহায্য করেছিল।

প্রতিমন্ত্রী (এমজে আকবর) সেনেগালের শিক্ষাবিদ, রাষ্ট্রদূত, কৃটনীতিকদের সঙ্গে বৈঠক করেন এবং ভারত এবং আফ্রিকার মধ্যে সম্পর্ক নিয়ে পশ্চিম আফ্রিকান রিসার্চ সেন্টারে সেনেগালের চিন্তাবিদদের সঙ্গে বৈঠকে যোগ দেন।

এছাড়াও তিনি ডাকার চেম্বার অফ কমার্স, ইন্ডাস্ট্রি এবং এগ্রিকালচার (সিসিআইএডি) তে সেনেগালের বাণিজ্যিক প্রতিনিধিদের সঙ্গে ‘নব্য ভারত পরিবর্তন’-এর বিষয়টি নিয়ে আলোচনা করেন।

এ ছাড়াও তিনি যান রেঁনেসা মনুমেন্টে গান্ধীকে নিয়ে চলা প্রদর্শনীতে, যেখানে তিনি প্রদান করেন মহত্ব গান্ধীর ব্যবহৃত বেশ কিছু জিনিসপত্র। এ ছাড়াও তিনি ভিজিটর বুকেও সহ করেন।

এ ছাড়াও তাঁর সম্মানার্থে সেনেগালের ভারতীয় সম্প্রদায় আয়োজিত এক অভ্যর্থনা অনুষ্ঠানে তিনি বক্তব্য রাখেন।

তিনি সফর করেন গোরি দীপ, যা গুরুত্বপূর্ণ ক্রীতদাস বিক্রয় কেন্দ্র হিসাবে পরিচিত, এবং ইউনেস্কো যাকে ‘বিশ্ব ঐতিহ্যমূলক স্থান’ হিসাবে মর্যাদা দিয়েছে। দীপের স্লেট হাউজের ভিজিটর বুকে তিনি সহ করেন।

**নয়াদিল্লি**

সেপ্টেম্বর ১৪, ২০১৭